স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

ষষ্ঠ পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) 'নীলদর্পণ' নাটক হিসেবে তেমন উন্নত না হলেও সাহিত্যের ইতিহাসে স্বতন্ত্র আলোচনার যোগ্য। এই মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

(খ) 'রথের রশি' নাটকে নাট্যকারের একটি নির্দিষ্ট বার্তা আছে। সেই বার্তা কীভাবে নাটকে ফুটে উঠেছে আলোচনা করুন।

(গ) 'নবান্ন' নাটকে চমৎকারভাবে ধরা পড়েছে একটি যুগের খণ্ডচিত্র। নাটকের চরিত্রগুলি সে যুগের প্রতিনিধিস্থানীয়। 'নবান্ন' সম্পর্কে এই মূল্যায়ন কি আপনি মেনে নেবেন ? যুক্তিসহ উত্তর দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব অসীম। মন্তব্যটি কতদূর যথার্থ আলোচনা করুন।

(ঙ) 'ঐতিহাসিক উপন্যাস'-এর চরিত্র বিচার করুন। অন্তত দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম উল্লেখ করে কেন সেগুলিকে ঐতিহাসিক উপন্যাস বলা হবে বুঝিয়ে দিন। ৬ + ১৪

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'নীলদর্পন' নাটকের সংলাপের বৈচিত্র্য নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(খ) 'রথের রশি' নাটকের নারী চরিত্রগুলির গুরুত্ব কী বুঝিয়ে দিন।

(গ) বাংলা নাটকের ইতিহাসে ভারতীয় গণনাট্য সংঘের অবস্থান ও গুরুত্ব বিচার করুন।

(ঘ) মহাকাব্যের সংজ্ঞা কী ? সংক্ষেপে মহাকাব্যের শ্রেণিবিভাগ করুন এবং দৃষ্টান্ত দিন। ২ + ১০

(ঙ) 'প্লট' বলতে অ্যারিস্টটল কী বোঝাতে চান ? প্লট ও চরিত্রের মধ্যে তাঁর বিচারে কোন্‌টির গুরুত্ব বেশি ? কেন তাঁর এই মত সংক্ষেপে বুঝিয়ে দিন। ৪ + ৪ + ৪

(চ) 'সাংকেতিক নাটক' কাকে বলে ? কয়েকটি সাংকেতিক নাটক আলোচনাসূত্রে এই নাট্য ধরনটির স্বরূপ বুঝিয়ে দিন। ২ + ১০

(ছ) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় অথবা রাজশেখর বসুর 'উদ্ভট গল্প' সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) বাংলা সাহিত্যের যে কোন আত্মজৈবনিক উপন্যাসের নাম উল্লেখ করে এই সংরূপটির বৈশিষ্ট্য বুঝিয়ে দিন। ১ + ৫

(খ) অ্যানাক্রনিজম (Anachronism) কথাটির অর্থ কী ? উদাহরণসহ ব্যাখ্যা করুন। ৪ + ২

(গ) 'ভক্তিমূলক' ও 'পৌরাণিক' নাটকের মধ্যে পার্থক্য কী — উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(ঘ) বৈষ্ণব ও শাক্ত পদাবলীর কবিরা কী অর্থে 'গীতিকবি' সংক্ষেপে বুঝিয়ে দিন।

(ঙ) ''চলে এয়েছে বলেই যে জিনিসটারে চালিয়ে নেবে, ভালমন্দ বিচার পর্যন্ত করবে না, কী রকম ধারা কথা।'' বক্তা কে ? 'চলে এয়েছে' কী ? এখানে বক্তার মনোভাবের পরিচয় দিন। ১ + ২ + ৩

(চ) ''বেটা যেন পাদরি হয়ে বসেছে।'' — কে, কার সম্বন্ধে এ কথা বলেছে ? প্রসঙ্গটি উল্লেখ করুন। ২ + ৪

(ছ) ''বাধা পেলে শক্তি নিজেকে চিনতে পারে — চিনতে পারলেই আর ঠেকানো যায় না।'' কী প্রসঙ্গে কে এই কথা বলেছেন ? কথাটির তাৎপর্য কী ? ২ + ৪

(জ) সঠিক উত্তরটি লিখুন :

i) 'অভিনয় দর্পণ'-এর রচয়িতা
- অ) ভরত
- আ) নন্দিকেশ্বর
- ই) কোহল।

ii) 'রাজা' নাটকের রচয়িতা
- অ) জ্যোতিরিন্দ্রনাথ
- আ) গিরীশচন্দ্র ঘোষ
- ই) রবীন্দ্রনাথ।

iii) কার নেতৃত্বে 'বহুরূপী' গড়ে ওঠে ?
- অ) উৎপল দত্ত
- আ) শম্ভু মিত্র
- ই) সুধী প্রধান।

iv) ' 'কৃপার' শাস্ত্রের অর্থ, ভেদ'-এর লেখক
- অ) মানোএল দা আসসুমপসাঁও
- আ) দোম আন্তনিও
- ই) বিদ্যাসাগর।

v) ১৮৭৫-এ প্রকাশিত
- অ) কমলাকান্তের দপ্তর
- আ) সাম্য
- ই) বিষবৃক্ষ।

vi) 'ঐতিহাসিক উপন্যাস'-এর লেখক
- অ) ভূদেব মুখোপাধ্যায়
- আ) বঙ্কিমচন্দ্র
- ই) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়।

(ঝ) বাংলা সাহিত্যে প্রথম ছোটগল্প হিসেবে কোন্ লেখাটিকে বিবেচনা করা চলে ? সেটি কি সার্থক ছোটগল্প বলে আপনি মনে করেন ?

(ঞ) ভারতীয় নাট্যশাস্ত্রে নাটককে 'পঞ্চম বেদ' বলা হয়েছে কেন ?